আজকের কাগজ

১৪২

তারিখ 07 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ২

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধে সবাইকে এগিয়ে আসতে হবে
## —মনিরুজ্জামান মিঞা

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মনিরুজ্জামান মিয়া বলেছেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করা আমার একার পক্ষে সম্ভব নয়। শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ করতে সকল রাজনৈতিক দলসহ সকল শ্রেণী-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। গতকাল শুক্রবার বেলা ১১টায় বাংলাদেশ আইন সমিতির ষষ্ঠ বার্ষিক সম্মেলনের আলোচনাপর্বে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

মোজাহিদুল হক সেন্টুর সভাপতিত্বে আইন সমিতির এ সম্মেলন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে অনুষ্ঠিত হয়। সকালে সম্মেলনের প্রথমপর্বে ছিলো আলোচনা সভা। বিকেলে আইন সমিতি কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় আলোচনা করেন বাংলাদেশ আইনজীবী সমন্বয় পরিষদের আহবায়ক শামছুল হক চৌধুরী, সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মেজবাহউদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারম্যান ডঃ এম এরশাদুল বারী, আজিজুর রহমান চৌধুরী প্রমুখ।